যুগান্তর

FEB. 13 20

তারিখ ... ... ... ... ... ... ...
২৮ কলাম ৭

# শাবিতে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০০১-২০০২ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। 'ক' ও 'খ' ইউনিটের মেধা তালিকায় ১২৭৫ ও অপেক্ষমাণ তালিকায় ১৯০০ জনের রোল নম্বরের তালিকা প্রকাশ করা হয়। 'ক' ইউনিটের মেধা তালিকায় ৮০০ জন ও অপেক্ষমাণ তালিকায় ১৫০০ জন।

'খ' ইউনিটে মেধা তালিকায় বিজ্ঞান বিভাগে ২০০ জন, সামাজিক বিজ্ঞানে ২২৫ জন ও বাণিজ্য বিভাগে ৫০ জন। অপেক্ষমাণ

শাবিতে : পৃ: ১৫ ক: ৪

## শাবিতে : ভর্তি পরীক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

তালিকায় যথাক্রমে ২০০, ২৮০ ও শূন্য। আগামী ৪ মার্চ থেকে ভর্তি শুরু হবে। উভয় ইউনিটে মেধা তালিকা থেকে ভর্তি হওয়ার পর যদি আসন খালি থাকে তবে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি করা হবে। ৪ মার্চ 'ক' ইউনিটের মেধা তালিকার ১ থেকে ২০০ পর্যন্ত ভর্তি করা হবে। ৫ মার্চ 'ক' ইউনিটের মেধা তালিকার ২০১-৪০০, ৬ মার্চ 'ক' ইউনিটের মেধাতালিকার ৪০১-৬০০, ৭ মার্চ 'ক' ইউনিটের মেধা তালিকার ৬০১-৮০০, ১০ মার্চ 'খ' ইউনিটের সামাজিক বিজ্ঞান বিভাগের মেধা তালিকার ১-২২৫, ১১ মার্চ 'খ' ইউনিটের বিজ্ঞান বিভাগের ১-২০০ ও বাণিজ্য বিভাগের ১-৫০ পর্যন্ত ভর্তি করা হবে।

১২ মার্চ থেকে অপেক্ষমাণ তালিকা থেকে সাক্ষাৎকার শুরু হবে। শূন্য আসনের ভিত্তিতে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি করা হবে। ১২ মার্চ 'ক' ইউনিটের অপেক্ষমাণ তালিকার ৮০১-১৩০০, ১৩ মার্চ 'ক' ইউনিটের অপেক্ষমাণ তালিকার ১৩০১-১৮০০, ১৪ মার্চ 'খ' ইউনিটের সামাজিক বিজ্ঞান বিভাগের অপেক্ষমাণ তালিকার ২২৬-৪২৫, ১৪ মার্চ 'খ' ইউনিটের বিজ্ঞান বিভাগের অপেক্ষমাণ তালিকার ২০১-৪০০ এবং ১৪ মার্চ 'ক' ইউনিটের অপেক্ষমাণ তালিকার ১৮০১ থেকে ২৩০০ পর্যন্ত সাক্ষাৎকারের মাধ্যমে শূন্য আসনের ভিত্তিতে ভর্তি করা হবে।

ভর্তির সময় এসএসসি ও এইচএসসি'র মূল মার্কশিট এবং স্কুল ও কলেজের প্রশংসাপত্র জমা দিতে হবে। এসএসসির মূল সনদপত্র ও ৩ কপি রঙিন ফটো জমা দিতে হবে। উল্লিখিত সব কাগজের ৩টি করে ফটোস্ট্যাট কপি সঙ্গে আনতে হবে। উভয় ইউনিটের ভর্তির সম্ভাব্য ফি ১৫০০ টাকা। ২০০১-২০০২ শিক্ষা বর্ষের ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ ২৭ মার্চ।